গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩৪.২১. 808 তারিখ 07/১১/২০২২ খ্রি.

বিভাগীয় মামলা নং- 094/2022

অভিযোগনামা

যেহেতু, পরিচালকের কার্যালয়, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর এর ৩০/১০/২০২১ খ্রি. তারিখের ৪২৬২ নং স্মারক পত্রমূলে জানা যায় যে, আপনি মোঃ মিজানুর রহমান, পিতাঃ মোঃ ইয়াছিন আলী, সিনিয়র স্টাফ নার্স, ইউনিক আইডি ১০৫০৯২০১৩১৪৫১২, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর ২৮/১০/২০২১ খ্রি. তারিখ ফেনসিডিলসহ গ্রেফতার হয়ে জেল হাজতে প্রেরিত হন। গ্রেফতার পরবর্তী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর আওতায় রংপুর জেলার গংগাচড়া মডেল থানায় ২৮/১০/২০২১ খ্রি. তারিখে ১৯ নং মামলা রুজু হয়।

২। যেহেতু, একই কার্যালয়ের ৩০/১০/২০২১ খ্রিঃ তারিখের ৪২৬৩ নং স্মারক পত্রমূলে জানা যায়, রংপুর জেলার গংগাচড়া উপজেলার মহিপুর তিস্তা সেতু এলাকায় ২৮/১০/২০২১ খ্রি. তারিখে আপনি সহ ০৫ (পাঁচ) জন অভিযুক্ত ০১ লিটার তরল ফেনসিডিল সহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টিম কর্তৃক গ্রেফতার হন। গংগাচড়া থানায় দায়েরকৃত মামলার বাদি জামানুর রহমান, উপ- পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রংপুর।

৩। যেহেতু, এ অধিদপ্তরের ৩১/১০/২০২১ খ্রিঃ তারিখের ৪৪৩ নং স্মারকাদেশ মূলে আপনাকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪১ ও বিএসআর পার্ট-১ এর বিধি ৭৩ (নোট-২) মোতাবেক গ্রেফতারের তারিখ ২৮/১০/২০২১ খ্রি. হতে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়।।

৪। যেহেতু, আপনার এরূপ কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ;

৫। সেহেতু, আপনি মোঃ মিজানুর রহমান, পিতাঃ মোঃ ইয়াছিন আলী, সিনিয়র স্টাফ নার্স, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুরকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

প্রাপকঃ মোঃ মিজানুর রহমান
সিনিয়র স্টাফ নার্স

স্বাঃ-
রাশেদা আকতার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

কর্মস্থলঃ
মোঃ মিজানুর রহমান
পিতা- মোঃ ইয়াছিন আলী
সিনিয়র স্টাফ নার্স
রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।

স্থায়ী ঠিকানাঃ
মোঃ মিজানুর রহমান
পিতা- মোঃ ইয়াছিন আলী
গ্রামঃ ধাপ চিকলী ভাটা
রংপুর সদর, রংপুর।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭. ১৩৪.২২- ৪০৪১/২(৭) তারিখঃ ৭/১১/২০২২ খ্রি.

<u>অনুলিপি</u>: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।

৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৪। সেবা তত্ত্বাবধায়ক, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।

৫। জেলা পাবলিক হেলথ নার্স, রংপুর।

৬। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা। (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৭/১১/২২

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা )
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm..gov.bd

## অভিযোগ বিবরণী

পরিচালকের কার্যালয়, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর এর ৩০/১০/২০২১ খ্রি. তারিখের ৪২৬২ নং স্মারক পত্রমূলে জানা যায় যে, মোঃ মিজানুর রহমান, পিতাঃ মোঃ ইয়াছিন আলী, সিনিয়র স্টাফ নার্স, ইউনিক আইডি নং- ১০৫০৯২০১৩১৪৫১২, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর কর্তৃক ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখ ফেনসিডিলসহ গ্রেফতার হন এবং জেল হাজতে প্রেরিত হন। গ্রেফতার পরবর্তী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর আওতায় রংপুর জেলার গংগাচড়া মডেল থানার ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখে ১৯ নং মামলা রুজু হয়। একই কার্যালয়ের ৩০/১০/২০২১ খ্রিঃ তারিখের ৪২৬৩ নং স্মারক পত্রমূলে জানা যায়, গংগাচড়া উপজেলার মহিপুর তিস্তা সেতু এলাকায় ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখে তিনি সহ ০৫ (পাঁচ) জন অভিযুক্ত ০১ লিটার তরল ফেনসিডিল সহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর টিম কর্তৃক গ্রেফতার হন।

অভিযুক্ত সিনিয়র স্টাফ নার্স মোঃ মিজানুর রহমান এর এরূপ কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ।

রাশেদা আকতার ০৪/০১/২২
রাশেদা আকতার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd